SAS (e-gov)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১৪.০০.০০০০.০১১.১৬.০০৬.১৩-০৩ 05/02/2017 খ্রিঃ

বিষয়ঃ **ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ২০১৭ সালের ইনোভেশন টিম এর বাৎসরিক কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন প্রেরণ।**

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং- ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ এবং ২১/০৬/২০১৫ তারিখের প্রজ্ঞাপন নং- ০৪.০০.০০০০.৮১১.৫১.০৪১-৬৭ অনুসরণে জনপ্রশাসনের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় ইনোভেশন টিম গঠন করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিত কার্যপরিধি অনুসারে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের ২০/১২/২০১৫ তারিখের পত্র নং- ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.৭৩ অনুসরণে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক **২০১৭ বাৎসরিক কর্মপরিকল্পনা, ২০১৬ সালের ইনোভেশন টিমের বাৎসরিক প্রতিবেদন** এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ইনোভেশন টিমের ২০১৭ সালের ফেব্রুয়ারী মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে।

05.02.2017
(মোঃ জিয়ারুল ইসলাম)
প্রোগ্রামার
ই-মেইলঃ
telecom2@ptd.gov.bd

যুগ্ম-সচিব
ই-গভর্নেন্স অধিশাখা
পরিবহন পুল ভবন
রুম নং-৮১৩
মন্ত্রিপরিষদ বিভাগ।

মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
ডাইরী নম্বর- ২৮৪
তারিখঃ ৮/২/১৭

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা**

উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনপ্রশাসনের কাজের গতিশীলতা আনয়ন এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ অনুসারে ইনোভেশন টিম গঠনের প্রজ্ঞাপন জারি করা হয়। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের ২১/০৬/২০১৫ তারিখের স্বারক নং ০৪.০০.০০০০.৮১১.৫১.০৪১.১৫-৬৭ অনুসারে ইনোভেশন টিমসমূহের জন্য উদ্ভাবন পরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশিকা জারি করা হয় যেখানে সেবা প্রক্রিয়া সহজিকরণ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ার উন্নয়ন,উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরি, পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এবং সোশ্যাল মিডিয়ার ব্যবহার সংক্রান্ত উদ্ভাবন ক্ষেত্রগুলি চিহ্নিত করে কার্যক্রম গ্রহণ করার বিষয়ে উল্লেখ রয়েছে। তারই ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক ২০১৭ সালের জন্য একটি কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে যা নিম্নরুপঃ

**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ'র ইনোভেশন টীম কর্তৃক গৃহীত ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনাঃ**

| ক্রঃ নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ( যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবী ) | প্রত্যাশিত ফলাফল ( এটি সম্পাদিত হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে ) | পরিমাণ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদন্ড ) |
|---|---|---|---|---|---|
| ১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সকল শাখায় ই-ফাইলিং-এর নতুন ভার্সনের সফটওয়্যার চালু করতে হবে। | ২০শে ফেব্রুয়ারি ২০১৭ - ডিসেম্বর ২০১৭ | মোঃ জিয়ারুল ইসলাম, প্রোগ্রামার, মোঃ জাকির হোসেন, সহঃ মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, মোঃ হাবিবুর রহমান, সহঃ প্রোগ্রামার | অধিক গুরুত্বপূর্ণ ফাইলসমূহের কার্যক্রম নিরাপদে দ্রুতগতিতে অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা যাবে। | বাস্তবায়ন সম্পন্ন হলে নথির নিরাপত্তা নিশ্চিতসহ সেবা সহজীকরণ হবে। |
| ২ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কাজের গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য নথি মুভমেন্ট সফটওয়্যার তৈরি ও সকল শাখায় চালু করতে হবে। | ২০শেফেব্রুয়ারি ২০১৭ - ডিসেম্বর২০১৭ | মোঃ জিয়ারুল ইসলাম, প্রোগ্রামার, মোঃ জাকির হোসেন, সহঃ মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, মোঃ হাবিবুর রহমান, সহঃ প্রোগ্রামার | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কাজের গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে | বাস্তবায়ন সম্পন্ন হলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কাজের গতিশীলতা, স্বচ্ছতা ওজবাবদিহিতা নিশ্চিত হবে। |
| ৩ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ইন্টারনেটের গতি বৃদ্ধির জন্য LAN এর নতুন অবকাঠামো স্থাপন করতে হবে। | ২০শেফেব্রুয়ারি ২০১৭ - ডিসেম্বর২০১৭ | মোঃ জিয়ারুল ইসলাম, প্রোগ্রামার, মোঃ জাকির হোসেন, সহঃ মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, মোঃ হাবিবুর রহমান, সহঃ প্রোগ্রামার | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ইন্টারনেটের গতি বৃদ্ধির জন্য LAN এর নতুন অবকাঠামো স্থাপন হলে ই-ফাইলিং, নথিমুভমেন্ট সফটওয়্যারসহ অন্যান্য অনলাইন কাজের গতি বৃদ্ধি পাবে। | বাস্তবায়ন সম্পন্ন হলে ই-ফাইলিং, নথি মুভমেন্ট সফটওয়্যারসহ অন্যান্য অনলাইন কাজের গতি বৃদ্ধি পাবে। |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ২০১৬ সালের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ অনুসরণে জনপ্রশাসনের কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। তারই ধারাবাহিকতায়মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের "ইনোভেশন টিম গঠন" এবং "ইনোভেশন টিমের কার্যপরিধি" অনুসারে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক ২০১৬ সালের জানুয়ারী হতে ডিসেম্বর পর্যন্ত যে সকল সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর ভিত্তি করে ২০১৬ সালের ইনোভেশন টিমের প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

### ক. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ গত ০১/০১/২০১৬ খ্রিঃ হতে ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ই-ফাইলিং কার্যক্রম দ্রুত চালু করা,ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সরকারি ক্রয় সংক্রান্ত সকল দরপত্র ই-জিপিতে অন্তর্ভুক্তকরণ, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট আপ-টু-ডেট রাখা এবং GRS Application টি ওয়েবসাইটে সংযুক্তকরণ ইত্যাদি।

গত ০১/০১/২০১৬ খ্রিঃ হতে ৩১/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি নিম্নে ছক আকারে উল্লেখ করা হ'লঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের দপ্তর/সংস্থার সংগে APA সংক্রান্ত তথ্য বিনিময়ের জন্য গ্রুপ মেইল তৈরি করতে হবে এবং APA সংক্রান্ত তথ্য Update রাখতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের দপ্তর/সংস্থার সংগে APA সংক্রান্ত তথ্য বিনিময়ের জন্য একটি গ্রুপ মেইল তৈরি করা হয়েছে এবং দপ্তর /সংস্থার APA সংক্রান্ত ফোকাল পয়েন্টদের উক্ত গ্রুপ মেইলে সংযুক্ত করা হয়েছে। |
| ০২ | ই-ফাইলিং নতুন ভার্সনের সফটওয়্যারের উপর প্রশিক্ষণের জন্য A2I এর সাথে যোগাযোগ করতে হবে। | ই-ফাইলিং নতুন ভার্সনের সফটওয়্যারের উপর প্রশিক্ষণে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য A2I এর সাথে যোগাযোগ করা হয়েছে। |
| ০৩ | শোস্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি ও সেবায় উদ্ভাবন প্রক্রিয়ায় মতামত গ্রহণের জন্য ফেসবুকে একটি পেজ খুলতে হবে। | শোস্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি ও সেবায় উদ্ভাবন প্রক্রিয়ায় মতামত গ্রহণের জন্য ফেসবুকে Posts and Telecommunications Division নামে একটি পেজ খোলা হয়েছে। |
| ০৪ | GRS Application টি ওয়েবসাইটে সংযুক্ত করতে হবে। | GRS Application টি ওয়েবসাইটে ইতোমধ্যে সংযুক্ত করা হয়েছে। এই Application টির মাধ্যমে জনগণের দোরগোড়ায় খুব সহজে অনলাইনে সেবা পৌছানো যাচ্ছে। |
| ০৫ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সরকারি ক্রয় সংক্রান্ত সকল দরপত্র ই-জিপিতে অন্তর্ভুক্ত করতে হবে। | এ বিভাগে ই-টেন্ডারিং চালু করার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২(দুই) জন মনোনীত কর্মকর্তা ই-টেন্ডারিং এর উপর CPTU হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।এ বিভাগকে e-GP পোর্টালে অন্তর্ভূক্তির জন্য প্রশিক্ষণ, User ID ও Password প্রদানের জন্য ইতোমধ্যে সিপিটিইউ এ পত্র প্রেরণ করা হয়েছে। |
| ০৬ | নতুন ভার্সনের ই-ফাইলিং সফটওয়্যারটি চালু করার বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | নতুন ভার্সনের ই-ফাইলিং সফটওয়্যারটি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশাসন শাখা, আইসিটি সেল এবং অডিট শাখায় চালু করা হয়েছে। অন্যান্য শাখায় ই-ফাইলিং চালু করার বিষয়টি চলমান রয়েছে। |
| ০৭ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটের হালনাগাদ কার্যক্রম চলমান রাখতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটের হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। জনসাধারনের সম্মুখে প্রকাশ করা যাবে এরূপ দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। |